

বাংলাদেশ-দক্ষিণ কোরিয়া EPA Negotiation Launching Ceremony

দক্ষিণ কোরিয়ার সাথে Economic Partnership Agreement (EPA) সম্পাদনের নেগোসিয়েশন শুরুর লক্ষ্যে আজ ২৮ নভেম্বর ২০২৪ তারিখে দক্ষিণ কোরিয়ার সিউলে বাংলাদেশ-কোরিয়া EPA Negotiation Launching Ceremony অনুষ্ঠিত হয়েছে। মাননীয় বাণিজ্য উপদেষ্টা জনাব শেখ বশিরউদ্দিন এবং Mr. Inkyo Cheong, Minister for Trade, Republic of Korea আনুষ্ঠানিক নেগোসিয়েশন শুরুর এ ঘোষণা দেন। এছাড়া, EPA সম্পাদনের প্রাথমিক পদক্ষেপ হিসেবে দুই দেশের মধ্যে Trade and Investment Promotion Framework সংক্রান্ত Memorandum of Understanding (MoU) স্বাক্ষর করা হয়েছে। বাণিজ্য সচিব জনাব মোহাং সেলিম উদ্দিন এবং দক্ষিণ কোরিয়ার Deputy Minister for Trade Mr. Jongwon Park নিজ নিজ দেশের পক্ষে উক্ত MOU স্বাক্ষর করেন।

